# জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ মসজিদ সমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(১২) মসজিদে উচ্চৈঃস্বরে কথা বলা

(১২) মসজিদে উচ্চৈঃস্বরে কথা বলা :

মসজিদ ছালাতের স্থান। এখানে কণ্ঠ উঁচু করে কথা বলা চলে না। এতে মসজিদের মর্যাদা ক্ষুণ্ণ হয়। বিশেষ করে জামা‘আত শুরুর আগে যে মসজিদ বাজারে পরিণত হয়, তা থেকে রাসূল (ছাঃ) কঠোর ভাষায় নিষেধ করেছেন وَإِيَّاكُمْ وَهَيْشَاتِ الأَسْوَاقِ[1] জনৈক ব্যক্তি জোরে কথা বললে রাসূল (ছাঃ) রেগে বাড়ী থেকে বেরিয়ে তাকে এসে ধমক দেন।[2] ওমর (রাঃ) এজন্য দুই ব্যক্তিকে শাসিয়ে দেন لَوْ كُنْتُمَا مِنْ أَهْلِ الْبَلَدِ لأَوْجَعْتُكُمَا تَرْفَعَانِ أَصْوَاتَكُمَا فِىْ مَسْجِدِ رَسُوْلِ اللهِ ‘তোমরা যদি এই মদ্বীনা শহরের বাসিন্দা হতে, তবে মসজিদে উচ্চৈঃস্বরে কথা বলার কারণে আমি দু’জনকেই কঠোর শাস্তি দিতাম’।[3]

## ফুটনোট

[1]. ছহীহ মুসলিম হা/১০০২, ‘ছালাত’ অধ্যায়, অনুচ্ছেদ-২৮; মিশকাত হা/১০৮৯, ‘কাতার সোজা করা’ অনুচ্ছেদ।

[2]. ছহীহ বুখারী হা/৪৭১, ১/৬৮ পৃঃ।

[3]. ছহীহ বুখারী হা/৪৭০, ১/৬৭ পৃঃ; মিশকাত হা/৭৪৪; বঙ্গানুবাদ মিশকাত হা/৬৮৮, ২/২৩০ পৃঃ, ‘মসজিদ সমূহ’ অনুচ্ছেদ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1853

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন